

নথি নং- ১০৫৫/৪/আহকাব/২

তারিখ: ৯ মার্চ ২০২৫ইং

নির্বাচনী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ্যানিমেল হেলথ কোম্পানীজ এসোসিয়েশন অব বাংলাদেশ-এর কার্যনির্বাহী পরিষদের নির্বাচন ২০২৫-২০২৭ (২৪ মাস) মেয়াদের জন্য আগামী ৩১ মে ২০২৫ইং তারিখে অনুষ্ঠিত হবে। আসন্ন নির্বাচন নিম্নবর্ণিত বিধি মোতাবেক পরিচালিত হবে।

নির্বাচনী বিধি


- ০১। নির্বাচনে ভোটারগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন। বিকল্প ভোট দেয়া যাবে না।
- ০২। নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত, অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত ফর্মে সংশ্লিষ্ট সদস্য কোম্পানীর মনোনীত ব্যক্তি ভোটার হিসেবে গণ্য হবে।
- ০৩। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক সদস্য পদের জন্য একটি করে ভোট প্রয়োগের অধিকারী হবেন। কার্যনির্বাহী পরিষদের ১৫(পনের)টি সদস্য পদের জন্য প্রত্যেক ভোটার ১৫টি ভোট প্রদান করবেন। কোন ভোটার ১৫টির কম বা বেশী ভোট প্রদান করলে সম্পূর্ণ ব্যালট বাতিল হবে এবং উক্ত ভোট গননায় গ্রহণ করা হবে না।
- ০৪। প্রার্থীদের ভোটার ক্রমিক নম্বর অনুযায়ী ব্যালট পেপার ছাপা হবে।
- ০৫। নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি, সমিতির/নির্বাচন বোর্ড সচিবালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে।
- ০৬। ঘোষিত নির্বাচন তফসিলের কোন কার্যক্রম যদি কোন কারণে অনুষ্ঠিত না হয় তবে পরবর্তী কর্মদিন তফসিলের কর্মদিবস বলে গণ্য হবে।
- ০৭। নির্বাচন বোর্ড সচিবালয়ের সময় শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত (শুক্রবার/সরকারী ছুটির দিন বন্ধ)।
- ০৮। নির্বাচনের সকল কার্যক্রম, বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪, সমিতির সংঘবিধি, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ আদেশ (এমসি/অবা-৬/সিএ৪/২০০২/৪২২, তারিখ ৩১-০৭-২০০২ইং) এবং ১৯ মে ২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

নির্বাচন আচরণ বিধি

- ১। নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং এই আদেশের বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করবেন। কার্যনির্বাহী পরিষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করতে পারিবেন না।
- ২। নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করবে। তবে কোন কার্যনির্বাহী সদস্য, প্রার্থী কিংবা মনোনয়ন পত্রে প্রার্থীর প্রস্তাবক বা সমর্থনকারী কাউকে নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা যাবে না।
- ৩। নির্বাচন তফসিল জারী করার পর হতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হবে যা লংঘিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে তার প্রার্থীপদ বাতিল করাসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে, যথা-

স্বাক্ষর

- ক) নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাবে না।
- খ) মিছিল করা অথবা শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।
- গ) ভোটারদের নিকট কেবল মাত্র এ-৪ সাইজের সাদা কালো প্রচারপত্র প্রেরণ করা যাবে, তবে কোন রকম উপটৌকন প্রেরণ করা বা দেয়া যাবে না।
- ঘ) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্টোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহণ করতে পারবেন না।
- ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাবে।
- চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।
- ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোস্টার বহন সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।
- জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বর্হিভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করতে পারবেন না।
- ৪। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হলে অথবা এ বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল থাকলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করবে। উপদফা (৩) এ বর্ণিত আচরণ বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত একরূপ অভিযোগ নিষ্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময় ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ ঘোষণা মারফত অবহিত করা হবে। নোটিশ বোর্ডে এ বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হবে। শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
- ৫। নির্বাচন বোর্ড নির্বাচন গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারদের সংখ্যা নিয়ন্ত্রণ করবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচন প্রার্থী, পর্যবেক্ষক এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকবে না।
- ৬। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকবে ভোট গ্রহণ কক্ষের বাইরে ব্যালট পত্র নেয়া যাবে না।
- ৭। সকল ভোটার কর্তৃক নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হতে বহিস্কার করতে পারবে।
- ৮। নির্বাচন প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/ আসনে অবস্থান করতে পারবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করতে পারবেন।



- ৯। কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হতে পারবেন না।
- ১০। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নন কিংবা জাল ভোট দান কিংবা ইতিমধ্যে ভোট দিয়েছেন, এমন ব্যক্তির বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করতে পারবেন।
- ১১। নির্বাচন বোর্ড এইরূপে দাখিলকৃত আপত্তি, অভিযোগ নিষ্পত্তি করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ স্বত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া উপদফা (৫) এ বর্ণিত বিধান অনুসরণ পূর্বক তার প্রার্থীপদ বাতিল করা হবে।
- ১৩। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারণ করবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে আহকাব এর সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হতে হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না।
- ১৪। পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরের রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতরূপে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নম্বর লিপিবদ্ধ করে ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সিলসহ যথাযথভাবে পুরণকরতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করে ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাবে না।
- ১৫। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড কর্মকর্তাদের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।
- ১৬। ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তায় বিধান পূর্বক ব্যালট বাস্কট বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করবেন।
- ১৭। ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে একাধিক ব্যালট বাস্ক ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বাস্ক পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাস্কটি সীল গালা করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূন্য ও সীলকৃত ব্যালট বাস্কে ভোট গ্রহণ করবেন।
- ১৮। নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাস্ক সীল করে নির্বাচন বোর্ড কর্তৃক পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে।
- ১৯। নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত ভোটার ভোট দান করতে পারবেন।
- ২০। উপদফা (১৯) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাহার একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।
- ২১। নির্বাচন বোর্ড গণনার উদ্দেশ্যে ব্যালট বাস্ক হতে ব্যালট পত্র বের করে প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করবে। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলে গণ্য হইবে, যথাঃ-

স্বাক্ষর

- ক) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকলে।
- খ) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হলে এবং
- গ) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রে নির্ধারিত (✓) চিহ্ন ব্যতিত অন্য কোন চিহ্ন পুরণকৃত ব্যালট পত্র।
- ২২। ২০০ (দুই শত) টাকার বিনিময়ে নির্বাচন সচিবালয় থেকে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।
- ২৩। ভোটার ID কার্ড ছাড়া ভোট প্রদান করা যাবে না AHCAB নির্বাচন সচিবালয় থেকে ভোটার ID কার্ড বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- ২৪। কার্যনির্বাহী পরিষদের নির্বাচনের মনোনয়ন ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। পরবর্তীতে নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের সদস্যের মধ্যে থেকে কর্মকর্তা নির্বাচনে (Port Folio) মনোনয়ন ফি বাবদ পুনরায় ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) প্রদান করবেন। মনোনয়ন পত্র জমা দেয়ার সময় মনোনয়ন ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করতে হবে।
- ২৫। নির্বাচন অনুষ্ঠানের স্থান পরবর্তীতে অবহিত করা হবে।



এ আর এম তাইবুর রহমান
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড


File No. 1055/4/AHCAB/1

Dated: 9th March 2025

Election Procedure

01. Only Valid Voter will be eligible to participate in the election as Candidate, Supporter Or Secondor.
02. Valid members must submit Nomination of Representative to General Body, copy of the updated Income Tax Clearance Certificate/Tax Return Submission Receipt, updated Trade License and NID to AHCAB Secretariat by 10th April 2025. All the dues must be cleared by 10h April 2025. If not, members will not be considered as valid voter.
03. Preliminary voter list will be published by 10th April 2025 & the final voter list will be published by 17th April 2025. The voter list can be received from the Election Secretariat by Payment of Tk. 200 (Two hundred).
04. Nomination must be submitted as per prescribed Nomination Form for both Executive Committee & Port Folio Election supplied from the AHCAB Election Secretariat paying non-refundable Tk. 10,000.00 (Ten thousand) only each in cash.
05. Polling will held for the posts of 15 (fifteen) Executive Members of the Executive Committee.
06. 15 (fifteen) Executive Committee (EC) Members will elect the following Port Folio from newly elected 15 (fifteen) EC Members :

a. President	:	01(One)
b. Vice-President	:	01(One)
c. Secretary General	:	01(One)
d. Joint Secretary	:	01(One)
e. Treasurer	:	01(One)
f. Organizing Secretary	:	01(One)
07. Any appeal against decision of the Election Board for Executive Committee and Port Polio Election must be submitted to the Chairman, Appeal Board by 4:00pm of 4th June 2025
08. Candidates, Supporters & Seconders are welcome to present during the scrutiny of Nomination Papers at Election Secretariat (AHCAB Secretariat).
09. Election result for the Executive Committee will be declared by the Election Board on 31st May 2025 and for Port Folio on 1st June 2025.
10. Mr. Md Kamrul Hossain (authorised person by AHCAB Election Board) Office Secretary, AHCAB is responsible for all Secretarial Support to Election Board & Appeal Board.
11. No Proxy/ Email/ Mail/Online vote will be considered as valid.
12. Incomplete Nomination papers as per existing rules will not be valid.
13. Election will be conducted as per the Trade Organization Act-2022, Trade Organization Rules-1994, Ministry of Commerce letter no. এমসি/অবা-৬/সিএ৪/২০০২/৪২২ তারিখ ৩১ জুলাই ২০০২, MOA of AHCAB and Decision of the EGM held on 19th May 2018.



A R M TAIBUR RAHMAN
Chairman
Election Board

File No. 1055/4/AHCAB

Dated: 9th March 2025

Election Schedule to Elect Executive Committee, 2025-2027

Action	Date
Election Schedule Publish	March 9, 2025 (Sunday)
Last date to become a voter after renewal of membership by paying all dues and submission of nomination form (attached), 02 copies of PP Size Photographs, updated trade license, Tax certificate, and copy of NID	April 10, 2025 (Thursday)
Preliminary Voters' list Publish	April 10, 2025 (Thursday)
Last date for the Appeal against Preliminary Voters' list	April 16, 2025 (Wednesday) upto 4pm
Decision by the Appeal Board for Preliminary Voters' List	April 17, 2025 (Thursday)
Final Voters' list Publish	April 17, 2025 (Thursday)
Distribution of Nomination Paper for Executive Members	April 19 to April 24, 2025
Last Date for Nomination paper submission	April 26, 2025 (Saturday) upto 4pm
Scrutiny of nomination papers by the Election Board	April 26, 2025 (Saturday)
List of valid nominations of Executive Members publish	April 26, 2025 (Saturday)
Last date of the Appeal against Candidate list	April 29, 2025 (Tuesday)
Decision by the Appeal Board for any disputed Candidates	April 30, 2025 (Wednesday)
Final list of the Candidates for Executive Members	April 30, 2025 (Wednesday)
Last date and time of the withdrawal of Candidature	May 5, 2025 (Monday) Upto 4:00pm
Final Candidates List Publish	May 5, 2025 (Monday) After 4:00pm
Election	May 31, 2025 (Saturday)
Election result of Executive Committee Publish	May 31, 2025 (Saturday)
Portfolio Election	June 01, 2025 (Sunday)
Election result of Port Folio Publish	June 01, 2025 (Sunday)
Last date of appeal against the Elections Results for Executive Committee and Portfolio	June 4, 2025 (Wednesday) upto 4:00 pm
Decision by the Appeal Board	June 4, 2025 (Wednesday)
Publish of the Final Election results of Executive Member and Portfolio	June 4, 2025 (Wednesday)
AGM followed by Installation Ceremony of New Executive Committee	June 16, 2025 (Monday)

Working hour for all above mentioned dates	: 10:00 AM to 04:00 PM
Polling hour on May 31, 2025 (Saturday)	: 10:00 AM to 01:00 PM
Polling hour on June 01, 2025 (Sunday)	: 4:00 PM to 5:00 PM



A R M TAIBUR RAHMAN
Chairman
Election Board

(Letter head pad of respective member company)

Reference Number :

Date : 2025

The Chairman
Election Board
Animal Health Companies Association of Bangladesh (AHCAB)
Centre Point Concord, Unit-12/E, 14/A & 31/A, Tejkunipara,
Farmgate, Dhaka-1212

Photographs
PP Size 2 copies

FORM

NOMINATION OF REPRESENTATIVE AS VOTER TO GENERAL BODY FOR THE TERM 2025-2027

1. Name of Representative :
2. Designation :
3. Name of Company :
4. Complete Postal Address :
5. Mobile Number :
6. Email address :
7. Updated Trade License of the Company to be enclosed. :
8. Income Tax Clearance Certificate/ Acknowledge Receipt of Tax Return Submission of the company to be enclosed. :
9. NID of the Representative to be enclosed :
10. AHCAB Membership Number :
11. Signature of Representative : _____

The above named person is hereby authorized for representing the company to participate and cast vote in the AHCAB Election 2025-2027.

Signature and Designation with seal of the competent authority.

বিঃদ্রঃ যথাযথভাবে পূরনকৃত ফরম ১০ এপ্রিল ২০২৫ইং তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উপর্যুক্ত ঠিকানায় দাখিলে ব্যর্থতায় ভোটার লিস্টে কোন ভাবেই নাম অন্তর্ভুক্ত হবে না।

Election Board

- Mr A R M Taibur Rahman - Chairman Election Board
Ex-President, AHCAB
and
Managing Director
Univet Limited
House-Kha, 178/A khilkhet,
Tanpara, Road no 1, Nikhunja-2,
Dhaka 1229
- Mr Abdul Gofran - Member Election Board
Ex-Treasurer, AHCAB
House-54/6, Road-4
Block-Kha, Pisciculture Housing Society
Mohammadpur, Adabor
Dhaka
- Dr Md. Tarek Hossain - Member Election Board
Deputy Director (Admin)
Department of Livestock Services
Khamarbari, Farmgate, Dhaka

Appeal Board

- Dr. Md Safiul Ahad Sardar - Chairman Appeal Board
Convener
Bangladesh Veterinary Association
Krishikhamar Sarak, Farmgate
Dhaka
- Dr Md Bayzer Rahman - Member Appeal Board
Director, Administration
Department of Livestock Services
Krishikhamar Sarak, Farmgate, Dhaka
- Dr A.B.M. Khaleduzzaman - Member Appeal Board
Director (Production)
Department of Livestock Services
Krishikhamar Sarak, Farmgate, Dhaka